

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী (২০১৯-২০)

সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান
মহাপরিচালক, বার্ড

স্থানঃ মহাপরিচালক, বার্ড এর অফিস কক্ষ
তারিখঃ ২৮/০৬/২০২০খ্রি.
সময়ঃ দুপুর ০৩ঃ৩০

উপস্থিত সদস্যবৃন্দঃ নৈতিকতা কমিটির সদস্যগণ (উপস্থিতি সংযুক্ত)


আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় বার্ডের শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির কর্মকান্ড ও ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। আলোচ্যসূচীর প্রথম অংশে নৈতিকতা কমিটির তৃতীয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত পর্যালোচনায় দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্ত সমূহের প্রায় সবগুলোই বাস্তবায়ন করা হয়েছে। তবে কোভিড-১৯ মহামারীর কারণে কার্যক্রমসমূহ (অংশীজন সভা, প্রশিক্ষণ) যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে সীমিত পর্যায়ে সম্পন্ন করতে হয়েছে। তৃতীয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রায় ৮০%।


৪র্থ সভার ২য় আলোচ্যসূচী অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ এর ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি উপস্থাপন করা হয়। ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনায় যে যে সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় তা নিম্নরূপঃ

- ১। চতুর্থ কোয়ার্টারে একাডেমীর কর্মকর্তা-কর্মচারীগণের ৬০ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণের অংশ হিসেবে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। উল্লিখিত প্রশিক্ষণ সমূহে চাকুরী সংক্রান্ত আইন-বিধি, শুদ্ধাচার ও সুশাসন বিষয়াদি যুক্ত ছিল। আগামী ২০২০-২১ অর্থ বছরেও এধরনের প্রশিক্ষণ আয়োজনে এ বিষয়ে প্রশিক্ষণ বিভাগ যথাযথ পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ করবে।
- ২। ক্রয় ক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য প্রয়োজ্য ক্ষেত্রে ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন হচ্ছে। ই-টেন্ডার বিষয়ক কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একাডেমির কয়েক জন কর্মকর্তা/কর্মচারীগণকে ই-জিপি ক্রয় কাজে যুক্ত রাখা হয়েছে। তাদের দক্ষতা বৃদ্ধির জন্য যথাযথ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে মতামত প্রদান করা হয়।
- ৩। চলমান ই-ফাইলিং ব্যবস্থা আরো কার্যকরীভাবে বাস্তবায়নের মতামত প্রদান করা হয়।
- ৪। ৪র্থ কোয়ার্টারে একটি অংশীজনের অংশগ্রহণে সভা সীমিত পরিসরে আয়োজন করা হয়েছে। আগামী অর্থ বছরে মহামারী সংকট কেটে গেলে ব্যাপক পরিসরে একাডেমির সকল কর্মকর্তা-কর্মচারী অংশ এ সংক্রান্ত সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(সালাহ উদ্দিন ইবনে সাঈদ)
যুগ্ম-পরিচালক (জনমতি)

ও
ফোকাল পার্সন নৈতিকতা কমিটি


(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড

ও
সভাপতি নৈতিকতা কমিটি

বিতরণঃ

- ০১। নৈতিকতা কমিটির সকল সদস্য, বার্ড।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী — মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।
- ০৪। অফিস কপি।